

জবি/প্রশা/ভর্তি: ২০২৩-২৪/২৩৬

পরিচালক/চেয়ারম্যান

..... ইনস্টিটিউট/ বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বিষয় : GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা-২০২৪ গ্রহণের লক্ষ্যে ক্লাশ ও পরীক্ষা বন্ধ রাখা প্রসঙ্গে।


মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতি ও কার্যার্থে জানাচ্ছি যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা-২০২৪ নিম্নলিখিত বর্ণিত সময়সূচী অনুসারে জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। এই লক্ষ্যে ভর্তি পরীক্ষার আগের দিন বিকাল ৫:০০ ঘটিকা হতে ভর্তি পরীক্ষার দিন দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত আপনার ইনস্টিটিউট/বিভাগের প্রফেশনালসহ (যদি থাকে) সকল প্রোগ্রামের ক্লাশ, পরীক্ষা তথা সকল কার্যক্রম বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো। তবে উল্লেখ্য যে, ২৭/০৪/২০২৪ তারিখ অনুষ্ঠিতব্য ইউনিট A (বিজ্ঞান) ও আর্কিটেকচার ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষার আগের দিন বিকাল ৫:০০ ঘটিকা হতে ভর্তি পরীক্ষার দিন বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত প্রফেশনালসহ (যদি থাকে) সকল প্রোগ্রামের ক্লাশ, পরীক্ষা তথা সকল কার্যক্রম বন্ধ থাকবে।

ভর্তি পরীক্ষার সময়সূচী :

ক্রম.	ইউনিট	তারিখ	সময়কাল
১.	ইউনিট A (বিজ্ঞান)	২৭/০৪/২০২৪ তারিখ (শনিবার)	দুপুর ১২:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা
	আর্কিটেকচার ব্যবহারিক (ড্রয়িং)		বিকাল ৩:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা
২.	ইউনিট B (মানবিক)	০৩/০৫/২০২৪ তারিখ (শুক্রবার)	বেলা ১১:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা
৩.	ইউনিট C (বাণিজ্য)	১০/০৫/২০২৪ তারিখ (শুক্রবার)	বেলা ১১:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,



২০/০৪/২০২৪

(অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

তারিখ: ২০ এপ্রিল ২০২৪

জবি/প্রশা/ভর্তি: ২০২৩-২৪/২৩৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

১. ডীন (সকল অনুষদ), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২. পরিচালক/কো-অর্ডিনেটর (প্রফেশনাল প্রোগ্রাম)..... বিভাগ, জবি, ঢাকা;
৩. পরিচালক (আইসিটি সেল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৫. ডেপুটি রেজিস্ট্রার/পি.এস. টু ভিসি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. অফিস/সংরক্ষণ নথি।



২০/০৪/২০২৪

(মোঃ আল হেলাল উদ্দিন)

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)